



চট্টগ্রাম সমিতি-ঢাকা

একটি অরাজনেতৃত্ব, অলাভজনক, সমাজসেবামূলক সংগঠন

নিবন্ধন নং - চ-০৮৯৬২

চট্টগ্রাম ভবন, ৩২ তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন: ০২-৪১০৫২২৪৭

Email: ctgsamitydhaka@gmail.com, ctgsamitydhaka@yahoo.com, Website: www.ctgsamitydhaka.org

সূত্রঃ চস-ঢা/মেজবান-২২/অ.স/জী.স/২০২২/২১৭৪

তারিখঃ ০৬ সেপ্টেম্বর ২০২২

সমানিত জীবন সদস্যবর্গ,

আস্সালামু আলাইকুম।

আপনারা অবগত আছেন যে রাজধানী ঢাকায় মেজবান সংস্কৃতির প্রবর্তক হচ্ছে শতোর্ধবর্ষী ঐতিহ্যবাহী চট্টগ্রাম সমিতি-ঢাকা। এখন সারাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে এ মেজবান সংস্কৃতি একটি উৎসব হিসেবে পালিত হয়। ঢাকায় চট্টগ্রাম সমিতি-ঢাকা কর্তৃক আয়োজিত মেজবান অনুষ্ঠান ধর্ম, বর্ণ, জাত নির্বিশেষে সকলের জন্য মিলনহস্ত। সকলে উৎসুক হয়ে চেয়ে থাকে কখন এ মেজবান অনুষ্ঠিত হবে এবং সকলে মিলে এ উৎসব উপভোগ করবে। দুর্ভাগ্যবশত: বিগত ২ বছর অতিমারি কোভিড-১৯ বা করোনা মহামারির কারণে মেজবানের আয়োজন করা সম্ভবপর হয়ে উঠে নাই। এ বছর ২৬ নভেম্বর ২০২২ তারিখে ঢাকাত্ত মোহাম্মদপুর শারীরিক শিক্ষা কলেজ মাঠে ঐতিহ্যবাহী 'চাটগাঁইয়া মেজবান ও বলীখেলা' আয়োজন করা হবে।

এ আয়োজনে আপনাকে অগ্রিম দাওয়াত দেয়া হলো এবং যথাসময়ে দাওয়াতপত্র পাঠানো হবে। আপনারা আরও জানেন যে এ আয়োজনে প্রচুর অর্থ ব্যয় হয় যা সাধারণত: ব্যাংক, বীমা, ব্যবসা-বাণিজ্যিক প্রতিষ্ঠান হতে এবং এ উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা চট্টলশিখায় বিজ্ঞাপন, মেজবান অনুষ্ঠান হলে স্থাপিত স্বনামধন্য প্রতিষ্ঠান ও তাদের পণ্ডিত্য প্রচারমূলক গেইট, স্টল, প্যাণ্ডেল, স্টেজ ইত্যাদির মাধ্যমে প্রাণ্ত অনুদান হতে যোগান দেয়া হয়। এ বছর করোনা মহামারির আঘাত ও সর্বোপরি বৈশ্বিক মন্দাভাব ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পরিপ্রেক্ষিতে বর্ণিত খাত হতে বিজ্ঞাপন ইত্যাদির মাধ্যমে অর্থ সংগ্রহে প্রত্যাশা অনুযায়ী সাড়া পেতে কষ্ট হবে বলে প্রতীয়মান হচ্ছে।

সমিতির সকল অনুষ্ঠান সমিতির সকল জীবনসদস্যের একান্তভাবে নিজের অনুষ্ঠান বিধায় সকলেই সমিতির এ বৃহৎ আয়োজন মেজবান যাতে সফল হয় সে বিষয়ে সহায়ক শক্তি হিসাবে আপনাদের নিজের বা অন্যান্য বন্ধু বান্ধব, আত্মায়ুজন, অন্যান্য প্রতিষ্ঠানে যেখানে আপনাদের প্রভাব আছে সে সমস্ত প্রতিষ্ঠান হতে বিজ্ঞাপন সংগ্রহের মাধ্যমে অর্থ সংগ্রহে অবদান রাখার জন্য আমরা বিনীত অনুরোধ জানাচ্ছি। বিজ্ঞাপন সংগ্রহের জন্য বিজ্ঞাপন ফরম সমিতি হতে সংগ্রহ করা যাবে।

সকলের সহায়তার প্রত্যাশায়

একান্তভাবে আপনার,

(জয়নুল আবেদীন জামান)

সভাপতি

চট্টগ্রাম সমিতি-ঢাকা।

(মোহাম্মদ শাহাদাত হোসেন হিরো)

সাধারণ সম্পাদক

চট্টগ্রাম সমিতি-ঢাকা।

বি.দ্র. : সমানিত জীবন সদস্যদের পরিচিতিমূলক ডিরেক্টরি প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যাঁদের কর্মসূলের পদবি, ঠিকানা, ফোন নাম্বার ও ইমেইল পরিবর্তিত হয়েছে, তাঁদেরকে ঠিকানা সংশোধনার্থে তাঁ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে সমিতির ইমেইল: ctgsamitydhaka@gmail.com এ পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।